

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, টাঙ্গাইল
আইসিটি শাখা
www.tangail.gov.bd


স্মারক নম্বর: ০৫.৩০.৯৩০০.০২৫.০৮.০১৬.১৮ - ২১৮ (২৪)

তারিখ: ২০ অগ্রহায়ণ ১৪২৮
০৫ ডিসেম্বর ২০২১

বিষয়: ডিজিটাল বাংলাদেশ দিবস ২০২১ উদযাপন উপলক্ষে স্লাইড পাওয়ার পেয়েন্ট প্রেজেন্টেশন প্রস্তুত ও
উপস্থিত বক্তৃতা প্রতিযোগিতায় অংশগ্রহণ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বঙ্গবন্ধুর সোনার বাংলা গড়ার প্রত্যয়ে টেকসই ডিজিটাল বাংলাদেশ
বিনিমানে বর্তমান সরকারের অবদান ও দিবসটির গুরুত্ব জনগণ তথা শিক্ষার্থীদের মাঝে তুলে ধরার নিমিত্ত
সারাদেশের ন্যায় জেলা প্রশাসন, টাঙ্গাইল কর্তৃক আগামী ১২ ডিসেম্বর ২০২১ তারিখ “ডিজিটাল বাংলাদেশ দিবস”
উদযাপন করা হবে। এলক্ষে বিভিন্ন পর্যায়ের ছাত্র-ছাত্রীদের মাঝে স্লাইড পাওয়ার পেয়েন্ট প্রেজেন্টেশন প্রস্তুত ও
উপস্থিত বক্তৃতা প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। প্রতিযোগিতার বিষয় ও নিয়মাবলী সংক্রান্ত বিজ্ঞপ্তি এসাথে
সংযুক্ত করা হলো।

এমতাবস্থায়, তাঁকে প্রতিযোগিতার বিজ্ঞপ্তি ব্যাপক প্রচার করত: শিক্ষার্থীদের অংশগ্রহণ নিশ্চিত করার
জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



(শরিফুল ইসলাম)

অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), টাঙ্গাইল
ফোন: ০৯২১-৬২১৭৮

ইমেইল: adcicttangail@yahoo.com

বিতরণ: (কার্যালয়ে)

অধ্যক্ষ/প্রধান শিক্ষক,

.....

..... টাঙ্গাইল।

অনুলিপি জ্ঞাতার্থে/ কার্যালয়ে:

- নেজারত ডেপুটি কালেক্টর, টাঙ্গাইল। নোটিশ পত্রটি সংশ্লিষ্ট সকলের নিকট পৌছানোর লক্ষ্যে প্রয়োজনীয় সংখ্যক
বাহক নিয়োগের জন্য অনুরোধ করা হলো।
- জেলা শিক্ষা অফিসার, টাঙ্গাইল। প্রতিযোগিতায় শিক্ষার্থীদের অংশগ্রহণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা
হলো।
- জেলা তথ্য কর্মকর্তা, টাঙ্গাইল। বিজ্ঞপ্তি প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- সহকারী কমিশনার (গোপনীয়), টাঙ্গাইল। জেলা প্রশাসক, টাঙ্গাইল মহোদয়ের সদয় অবগতির জন্য।
- অফিস কপি।

ডিজিটাল বাংলাদেশ দিবস ২০২১

স্লাইড পাওয়ার পেয়েন্ট প্রেজেন্টেশন প্রস্তুত ও উপস্থিত বক্তৃতা প্রতিযোগিতা

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বঙ্গবন্ধুর সোনার বাংলা গড়ার প্রত্যয়ে টেকসই ডিজিটাল বাংলাদেশ বিশিষ্টানে বর্তমান সরকারের অবদান ও দিবসটির গুরুত্ব জনগণ তথা শিক্ষার্থীদের মাঝে তুলে ধরার নিমিত্ত সারাদেশের ন্যায় জেলা প্রশাসন, টাঙ্গাইল কর্তৃক আগামী ১২ ডিসেম্বর ২০২১ তারিখ “ডিজিটাল বাংলাদেশ দিবস” উদযাপন করা হবে। এলক্ষে বিভিন্ন পর্যায়ের ছাত্র-ছাত্রীদের মাঝে স্লাইড পাওয়ার পেয়েন্ট প্রেজেন্টেশন প্রস্তুত ও উপস্থিত বক্তৃতা প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। প্রতিযোগিতায় অংশগ্রহণকারীগণকে তৈরিকৃত পাওয়ার পেয়েন্ট প্রেজেন্টেশন এর সংক্ষিপ্ত কপি ppt ফরম্যাটে সর্বোচ্চ ১০ টি স্লাইড (ব্যাণ্ডিকাল ৩ মিনিট) এবং উপস্থিত বক্তৃতা ভিডিও আকারে mp4 ফ্যারম্যাটে (সর্বোচ্চ ৩ মিনিট) dcofficetangail@gmail.com এই ঠিকানায় আগামী ১০ ডিসেম্বর ২০২১ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে।

প্রতিযোগিতার বিষয় ও নিয়মাবলী নিম্নরূপ:

স্লাইড পাওয়ার পেয়েন্ট প্রেজেন্টেশন প্রস্তুত ও উপস্থিত বক্তৃতা প্রতিযোগিতা নিম্নবর্ণিত দুইটি গুপ্তে অনুষ্ঠিত হবে।


| ক্রম | প্রতিযোগিতার ধরণ | বিষয় | শ্রেণি | মন্তব্য |
|------|---|---------------------------------------|-------------------------|--|
| ১ | স্লাইড পাওয়ার পেয়েন্ট প্রেজেন্টেশন প্রস্তুত | ডিজিটাল বাংলাদেশের স্বপ্ন পূরণের গল্প | উচ্চ মাধ্যমিক ও তদুর্ধৰ | ppt ফরম্যাটে সর্বোচ্চ ১০ টি স্লাইড (ব্যাণ্ডিকাল ৩ মিনিট) |
| ২ | উপস্থিত বক্তৃতা প্রতিযোগিতা | আইসিটি ও ডিজিটাল বাংলাদেশ | ৬ষ্ঠ হতে ১০ম | ভিডিও আকারে mp4 ফ্যারম্যাটে (সর্বোচ্চ ৩ মিনিট) |

প্রতিযোগিতার নির্দেশাবলী:

- প্রেজেন্টেশন প্রতিযোগিতায় স্লাইড সংখ্যা সর্বোচ্চ ১০ টি (ব্যাণ্ডিকাল ৩ মিনিট)।
- উপস্থিত বক্তৃতা ভিডিও আকারে mp4 ফ্যারম্যাটে (ব্যাণ্ডিকাল ৩ মিনিট)।

প্রতিযোগিতায় অংশগ্রহণকারীগণকে আবশ্যিকভাবে নিজের নাম, পিতার নাম, ঠিকানা, শিক্ষা প্রতিষ্ঠানের নাম, শ্রেণি, বিভাগ, রোল, মোবাইল নম্বর উল্লেখ করতে হবে।

প্রতি গুপ্তে বাছাইকৃত সেরা ৩(তিনি) জনকে সনদপত্রসহ আকর্ষণীয় পুরস্কার প্রদান করা হবে।


(শরিফুল ইসলাম)
অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)
টাঙ্গাইল